

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-১৪

সেপ্টেম্বর ২৭, ২০২৩
তারিখ: -----
আশ্বিন ১২, ১৪৩০

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়,

**আয়কর আইন, ২০২৩ এর ১২৪ ধারা (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 52Q) অনুযায়ী সেবা,
রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ প্রাপ্ত রেমিট্যান্সের উপর উৎসে কর কর্তন ও জমাদান প্রসঙ্গে।**

বৈদেশিক মুদ্রা ও নীতি বিভাগ কর্তৃক ০৬/০৮/২০২৩ তারিখে জারিকৃত এফই সার্কুলার পত্র নং-০৮ এর প্রতি মনোযোগ
আকর্ষণ করা যাচ্ছে।

২। আয়কর আইন, ২০২৩ এর ১২৪ ধারা (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 52Q) অনুযায়ী সেবা, রেভিনিউ শেয়ারিং
ইত্যাদি বাবদ প্রাপ্ত রেমিট্যান্সের উপর উৎসে কর কর্তন ও জমা প্রদান এবং নির্ধারিত জমা কোড এর বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সরকারের কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-১১ কর্তৃক নির্দেশনা (সংযুক্তি দ্রষ্টব্য) প্রদান করা হয়েছে।

জাতীয় রাজস্ব আহরণের স্বার্থে উক্ত নির্দেশনাটি যথাযথভাবে পরিপালনের জন্য আপনাদের অনুরোধ করা হলো।

সংযুক্তি-বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)

পরিচালক (এফইপিডি)

ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১১, ঢাকা।
৯, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৩ই-১/কঃঅঃ-১১/২০২৩-২০২৪/ ৬৯৯

তারিখঃ ১২/০৯/২০২৩খ্রিঃ

নির্বাহী পরিচালক
ফরেইন রেমিটেন্স পলিসি বিভাগ,
বাংলাদেশ ব্যাংক,
মতিঝিল, ঢাকা।

বিষয়ঃ আয়কর আইন, ২০২৩ এর ১২৪ ধারা (পূর্বের ৫২Q) অনুযায়ী সেবা, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ প্রাপ্ত রেমিটেন্স এর উপর উৎসে কর কর্তন ও জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

আয়কর আইন-২০২৩ এর ১২৪ ধারা (পূর্বের ৫২Q) অনুযায়ী সেবা, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ বিদেশ হতে প্রেরিত অর্থ কোন ব্যক্তির হিসেবে পরিশোধ বা জমা প্রদানের জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি প্রাপকের হিসেবে অর্থ পরিশোধ বা জমা প্রদানকালে উক্ত পরিশোধিত বা জমাকৃত অর্থের উপর ১০% হারে উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। বিদেশ হতে প্রেরিত অর্থ হতে কর কর্তনের এই বিধান এবং জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন অধিক্ষেত্র আদেশ অনুযায়ী সমগ্র বাংলাদেশের কর্তিত কর, কর অঞ্চল-১১, ঢাকা এর অধিক্ষেত্রাধীন। এ বিষয়ে আপনার ব্যাংক কর্তৃক কর্তিত ১২৪ ধারার (পূর্বের ৫২Q) সকল উৎসে কর, কর অঞ্চল-১১, ঢাকার নির্ধারিত কোড এর অনুকূলে জমাদানের জন্য অনুরোধ করা হলো। কর জমার কোড -

কোম্পানী করদাতার জন্য ১-১১৪১-০০৯০-০১০১

ব্যক্তি করদাতার জন্য ১-১১৪১-০০৯০-০১১১

অনলাইন কোড (আইবাস)

কোম্পানী করদাতার জন্য ১১১০২১৫১০২৪২৭-১১০০০০০০০-১১১২১০১

ব্যক্তি করদাতার জন্য ১১১০২১৫১০২৪২৭-১১০০০০০০০-১১১১১০১

১২৪ ধারায় (পূর্বের ৫২Q) উৎসে কর্তিত কর, কর অঞ্চল-১১ এর নির্ধারিত কোডে জমা প্রদানে ব্যর্থ হলে আয়কর আইন, ২০২৩ এর ধারা-১৪৩ অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

জাতীয় রাজস্ব আহরণের স্বার্থে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

সংযুক্তি :

৪. আয়কর আইন- ২০২৩ এর ১২৪ ধারার (পূর্বের ৫২Q) কপি।
৫. জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন অধিক্ষেত্র আদেশ (২০/০৮/২০২৩ খ্রিঃ স্বাক্ষরিত)।
৬. ১৪৩ ধারার (পূর্বের ৫৭) কপি।

Rashed

১২.৯.২০২৩

(রওনক আফরোজ)

কর কমিশনার

কর অঞ্চল-১১, ঢাকা

ফোনঃ ২২৩৩৮৮০৮৭।